

আমাদেরময়

ডিজিটাল শিক্ষাব্যবস্থা এগিয়ে নিতে কাজ করছে স্কুল-৩৬০

নিম্ন প্রতিবেদক

৬ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৬ জানুয়ারি ২০২১ ০০:১৭



দেশের শিক্ষাব্যবস্থাকে ডিজিটালাইজেশনে এগিয়ে নিতে কাজ করতে চায় তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান স্পেট ইনেশিয়েটিভ। করোনাকালীন ডিজিটাল পদ্ধতিতে শিক্ষাব্যবস্থা এগিয়ে নেওয়ায় তাদের ডিজিটাল শিক্ষাব্যবস্থাকেন্দ্রিক সফটওয়্যার স্কুল-৩৬০ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। গতকাল মঙ্গলবার রাজধানীর একটি মিলনায়তনে স্কুল ৩৬০-এর ৫ম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এ তথ্য জানান প্রতিষ্ঠানটির প্রধান নির্বাহী কর্মকর্তা সাজাদুর রহমান।

তিনি বলেন, এই সফটওয়্যার একটি উদ্যোগাদের প্লাটফরম। এখান থেকে উদ্যোক্তারা তাদের নিজেদের এলাকায় আইটি সেন্টার করে সারাদেশে ডিজিটাল শিক্ষা নিয়ে কাজ করতে পারছে। আমরাই প্রথম কোম্পানি, যারা সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর বায়োমেট্রিক হাজিরা মেশিনের ডেটা সেন্ট্রাল সার্ভারে প্রেরণ করতে সক্ষম হই। বর্তমানে দেশের ৩০ জেলার ৩২৩ উপজেলার এক হাজার ২০০টিরও বেশি স্কুলে এই সফটওয়্যার সেবা দিয়ে যাচ্ছে।

অনুষ্ঠানে ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান সবুর খান বলেন, চতুর্থ শিল্প বিপ্লবে অংশ নিতে সফট স্কিলের বিকল্প নেই। আর এই শিল্প বিপ্লব হবে আইটি উদ্যোক্তাদের মাধ্যমে। স্কুল ৩৬০ দেশব্যাপী দুই শতাধিক উদ্যোক্তা তৈরি করেছে। আমি আশা করব এভাবে আরও অনেক তরুণ উদ্যোক্তা তৈরিতে এগিয়ে এসে দেশকে এগিয়ে নেবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার টেনিক

আমাদের শময়

© সর্বস্বত্ত্ব সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)